

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।


আদেশ নং- ৪৭.৬১.৪৮৭৯.০০০.০৬.৪৯.১৭-২৭৫

তারিখঃ ০৬/০৫/২৫খ্রিঃ

যেহেতু “পাকুন্দিয়া উপজেলা মাদ্রাসা শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমবায় সমিতি লিঃ” নিবন্ধন নম্বর:১০৮, তারিখ:১০/০৫৮/০৯খ্রিঃ এর ব্যবস্থাপনা কমিটির মেয়াদ বিগত ০৫/০৫/২৫খ্রি তারিখে উত্তীর্ণ হয়ে যাওয়ায় এবং নির্ধারিত সময় সীমার মধ্যে নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি পূর্ণগঠন করতে ব্যর্থ হয়েছে বিধায় সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারার বিধান মোতাবেক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের প্রয়োজন দেখা দিয়েছে। তৎপ্রেক্ষিতে সমিতির স্বাভাবিক কার্যক্রম পরিচালনা ও নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে নতুন ব্যবস্থাপনা কমিটি গঠনের জন্য সমবায় অধিদপ্তরের আদেশ নং-সঅ/অডিট ও আইন ক্ষমতা অর্পণ-০৩/০৩-৩৫৭, তাং-০১/০৮/২০০৩ইং অফিস আদেশে অর্পিত ক্ষমতা বলে সমিতির ব্যবস্থাপনা পরিচালনা ও নির্বাচন অনুষ্ঠানের জন্য সমবায় সমিতি আইন/২০০১, এর ১৮(৫) ধারা মতে নিম্ন বর্ণিত সমিতির সদস্যদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ দেয়া হইলঃ

| ক্রমিক নং | নাম | পদবী | সদস্য নং |
|-----------|---|--------|----------|
| ০১ | নার্গিস আক্তার, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ। | সভাপতি | - |
| ০২ | মোঃ হেলাল উদ্দিন | সদস্য | ০২ |
| ০৩ | মোঃ সাইফুল ইসলাম | সদস্য | ০৯ |

নিয়োগকৃত কমিটি সমবায় সমিতি আইন ২০০১(সংশোধিত-২০০২ ও সংশোধিত-২০১৩) সমবায় বিধিমালা/২০০৪(সংশোধিত-২০২০) এবং সমবায় সমিতি উপ-আইন মোতাবেক সমিতির কার্যক্রম পরিচালনা করিবেন এবং এর মেয়াদ কালের মধ্যে নির্বাচন অনুষ্ঠান পূর্বক নিবার্চিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করিবেন। উল্লেখ্য বিলুপ্ত ব্যবস্থাপনা কমিটির কোন সদস্য উক্ত প্রস্তাবে নাই এবং সমিতির আদায়কৃত শেয়ার মূলধন পঞ্চাশ হাজার টাকার উর্ধ্বে নয়।



(মোসাঃ সাহেনা আক্তার)
উপজেলা সমবায় অফিসার
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

আদেশ নং-৪৭.৬১.৪৮৭৯.০০০.০৬.৪৯.১৭-২৭৫/(১১)

তারিখঃ ০৬/০৫/২৫খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ০১। জনাব -----সভাপতি/সদস্য, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, “পাকুন্দিয়া উপজেলা মাদ্রাসা শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমবায় সমিতি লিঃ” তাঁকে মেয়াদ উত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটির নিকট থেকে সমিতির দায়িত্বভার গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ০২। জনাব -----সভাপতি/সদস্য, মেয়াদ উত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি, পাকুন্দিয়া উপজেলা মাদ্রাসা শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমবায় সমিতি লিঃ” তাঁকে নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির নিকট সমিতির দায়িত্বভার হস্তান্তরের জন্য অনুরোধ করা হল।
- ০৩। জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ।
- ০৪। অফিস কপি।


(মোসাঃ সাহেনা আক্তার)
উপজেলা সমবায় অফিসার
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।